# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
Jalalabad Gas Transmission and Distribution System Limited
পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)
গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০


তারিখঃ ০৯ মে ২০২৪ খ্রি.

বিষয়ঃ "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" বিষয়ে অংশিজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আতিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক
তারিখ : ০৬ মে ২০২৪
সময় : দুপুর ১২:০০ ঘটিকা
স্থান : আঞ্চলিক বিতরণ কার্যালয়, শ্রীমঙ্গল
উপস্থিতি : পরিশিষ্ট-ক

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল)-এর আঞ্চলিক বিতরণ কার্যালয়, শ্রীমঙ্গল এ গত ০৬ মে ২০২৪ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আতিকুর রহমান মহোদয়ের সভাপতিত্বে "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" বিষয়ে জেজিটিডিএসএল-এর প্রতিনিধিবৃন্দ এবং অংশীজনদের সমন্বয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত অংশীজন ও কোম্পানির কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। সভাপতি অবহিত করেন যে, পেট্রোবাংলার ও জালালাবাদ গ্যাস-এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এ অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক কোম্পানির কর্মসম্পাদনে সেবার মানে গতিশীলতা আনয়ন ও সেবা প্রতিশ্রুতি বৃদ্ধির লক্ষ্যে সিটিজেন চার্টার কমিটি গঠন করা হয়েছে। নাগরিকগণের সেবা প্রাপ্তি সহজীকরণ, সেবা প্রাপ্তি সুলভ করা, সেবা প্রদানে স্বচ্ছতা ও শৃংখলা আনয়ন, ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিত করা আমাদের দায়িত্ব। নাগরিকগণ যাতে অধিকতর উন্নত সেবা পেতে পারেন সেটা বাস্তবায়নের জন্য সেবা প্রদান প্রতিশ্রতি প্রণয়ন করা হয়েছে। কোম্পানির অংশীজনদের সেবা প্রদানের বিষয়ে অবহিতকরণ এবং সেবার মানের বিষয়ে মতামত প্রদানের জন্য অংশীজনের সমন্বয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠান কমিটির কার্যপরিধির অন্তর্ভুক্ত। সে আলোকে আজকের এ সভা আয়োজন করা হয়েছে।

৩। আলোচনাঃ

- মৌলভীবাজার এবং শ্রীমঙ্গল এলাকায় শিল্প, সিএনজি, চা-বাগান এবং ক্যাপটিভ শ্রেণির গ্রাহকগণের চাপজনিত সমস্যা সমাধান হওয়ায় এবং নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ অব্যাহত রেখে গ্রাহক সেবা অক্ষুন্ন রাখায় জেজিটিডিএসএল কর্তৃপক্ষকে গ্রাহক/গ্রাহক প্রতিনিধিগণ ধন্যবাদ জ্ঞাপন করেন। বর্তমানে গ্যাসের মূল্য বৃদ্ধিজনিত কারণে ক্যাপটিভ শ্রেণির বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে চা-কারখানা পরিচালনা করে চা উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে। সে অনুযায়ী চা বিক্রয়মুল্য বৃদ্ধি না হওয়ায় চা-বাগানসমূহ আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। ক্যাপটিভ পাওয়ার শ্রেণির মূল্য হ্রাসের বিষয়ে সরকারের কোনরূপ পরিকল্পনা আছে কি-না এ বিষয়ে গ্রাহক/গ্রাহক প্রতিনিধিগণ সভায় উল্লেখ করেন। এতদ বিষয় সভায় আলোচনা হয়। আলোচনা কালে জানানো হয় যে, এলএনজি আমদানীর কারণে গ্যাসের মূল্য বহুগুনে বৃদ্ধি পেয়েছে। সরকার এ খাতে প্রচুর ভুর্তুকি প্রদান করছে।

- শাহজিবাজার শিল্প এলাকায় গ্যাসের চাপ জনিত সমস্যার বিষয়ে সভায় গ্রাহক/গ্রাহক প্রতিনিধিগণ উল্লেখ করেন। এ বিষয়ে আলোচনাকালে জানানো হয় যে, শাহজিবাজার এলাকায় পুর্বের তুলনায় গ্যাসের চাহিদা প্রায় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে কিন্তু বিতরণ লাইনের সক্ষমতা বৃদ্ধি না পাওয়ায় গ্যাসের চাপজনিত সাময়িক সমস্যা হচ্ছে। উক্ত এলাকায় নতুন বিতরণ লাইন স্থাপন চলমান রয়েছে। এছাড়াও শাহজিবাজার টিবিএস আপগ্রেডেশনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। টিবিএস আপগ্রেডেশনসহ যমুনা গ্রুপ এবং প্রাণ-আরএফএল ও বাদশা গ্রুপের যৌথ অর্থায়নে যথাক্রমে ১২ ইঞ্চি ব্যাস ও ১৬ ইঞ্চি ব্যাসের লাইন দুটি চালু হলে উক্ত এলাকায় গ্যাসের চাপ জনিত সমস্যা অনেকাংশে হ্রাস পাবে মর্মে সভাপতি সকলকে আশ্বস্ত করেন।

- গ্যাস ব্যাবহার করে ক্যাপটিভ শ্রেণির বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে Co-generation, Tri-generation স্থাপনের বিষয়ে গ্রাহক/গ্রাহক প্রতিনিধিগণকে উদ্বুদ্ধ করনের লক্ষ্যে সভায় আলোচনা হয়। এছাড়া সিটিজেন চার্টার সম্পর্কে সভায় আলোচনা কালে প্রতিশ্রুতি অনুযায়ী সেবা দিতে ব্যর্থ হলে অভিযোগ দাখিলের বিভিন্ন পদ্ধতির বিষয়ে সভায় উপস্থিত অংশীজনদের অবহিত করা হয়।

- গ্যাস সংক্রান্ত যে কোনো অভিযোগ/সমস্যা জেজিটিডিএসএল কর্তৃপক্ষ কর্তৃক গুরুত্ব সহকারে আমলে নেয়ার বিষয়ে সভায় গ্রাহক/গ্রাহক প্রতিনিধিগণ সন্তুষ্টি প্রকাশ করেন। নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে জেজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট সকল আবিকা এবং অপারেশন ডিভিশন স্ব-প্রণোদিতভাবে নিয়মিত তদারকিসহ প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা/প্রতিনিধিগণ সন্তুষ্টি প্রকাশ করেন।

- শ্রীমঙ্গল আবিকা'র আওতাভুক্ত সিএনজি শ্রেণির গ্রাহক সখিনা সিএনজি রিফুয়েলিং এ্যান্ড ফিলিং স্টেশন এর ম্যানেজার জনাব জুমন হাছান জানান যে, পূর্বের তুলনায় সিএনজি চালিত গাড়ীর সংখ্যা প্রায় দ্বিগুণ পরিমাণ বৃদ্ধি পেলেও সিএনজি স্টেশনের বরাদ্দকৃত লোড বৃদ্ধি করা হয়নি। সিএনজি মালিকগণ লোড বৃদ্ধির জন্য আবেদন করার পরও জেজিটিডিএসএল কর্তৃপক্ষ লোড বৃদ্ধির বিষয়ে কোনরূপ কার্যকর ব্যবস্থা গ্রহণ করেনি। লোড বৃদ্ধি না করায় সিএনজি স্টেশনসমুহের মাসিক বরাদ্দ বা অনুমোদিত লোড মাস শেষ হওয়ার আগেই ফুরিয়ে যায় । তদপ্রেক্ষিতে সিএনজি স্টেশনগুলো পুরো মাস চালু রাখা সম্ভব হয় না। মাসের শেষ দিকে সিএনজি স্টেশন বন্ধ থাকার ফলে সিএনজি চালিত বাস, ট্রাক, মাইক্রোবাস, মিনিবাস, থ্রি-হুইলার মালিক ও শ্রমিকদের মাঝে অসন্তোষ দেখা দেয় এবং যানবাহন মালিক ও শ্রমিক ঐক্য পরিষধ প্রায়ই ধর্মঘটে যাবে মর্মে হুমকি প্রদান করে। এ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, সরকারী প্রজ্ঞাপন জারীর মাধ্যমে সিএনজি শ্রেনিতে নতুন গ্যাস সংযোগ বন্ধ রয়েছে। কোনোভাবেই অনুমোদিত লোডের অতিরিক্ত গ্যাস ব্যবহার করা যাবে না মর্মে সভায় অবহিত করা হয়।

- গৃহস্থালি ও বাণিজ্যিক শ্রেণিতে নতুন গ্যাস সংযোগের বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, সরকারী প্রজ্ঞাপনের আলোকে গৃহস্থালি ও বাণিজ্যিক শ্রেণিতে নতুন গ্যাস সংযোগ এবং লোড বৃদ্ধি বন্ধ রয়েছে। গৃহস্থালি ও বাণিজ্যিক শ্রেণিতে নতুন সংযোগের লক্ষ্যে ইস্যুকৃত চাহিদাপত্রের অর্থ জমা প্রদানকারীর আবেদনের প্রেক্ষিতে জমাকৃত নিরাপত্তা জামানতের অর্থ ফেরত প্রদান করা হচ্ছে। এছাড়া, পরিকল্পিত শিল্প অঞ্চল (ইকোনোমিক জোন/বিসিক/বেজা) ব্যতীত অন্য কোনো স্থানে বিক্ষিপ্তভাবে শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হবে না মর্মে সভাকে অবহিত করা হয়।

- আবিকা শাহজিবাজার এর আওতাভুক্ত শিল্প প্রতিষ্ঠান বাংলাদেশ হার্ডল্যান্ড সিরামিক কোং লিঃ এর প্রতিনিধি জনাব রাশেদুল ইসলাম জানান যে, তাদের আরএমএস এর সেট প্রেসার পিক-আওয়ারে কমে যায়, ফলে উৎপাদন অনেক ক্ষেত্রে ব্যহত হয়। আরএমএস-এর আউটলেটে প্রেসার বা সেট প্রেসার Stable রাখার অনুরোধ করেন। জেজিটিডিএসএল-এর প্রতিনিধি কর্তৃক ভিজিটের পরে রেগুলেটর মেইন্টেনেন্সের প্রয়োজনীয়তা দেখা দিলে সে অনুযায়ী আরএমএস মেইন্টেনেন্সে করে আউটলেট প্রেসার বা সেট প্রেসার Stable করা যেতে পারে মর্মে সভায় অবহিত করা হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- শাহজিবাজার শিল্প এলাকায় গ্যাসের চাপ জনিত সমস্যা সমাধানের লক্ষ্যে শাহজিবাজার টিবিএস আপগ্রেডেশনসহ যমুনা গ্রুপ এবং প্রান আরএফএল ও বাদশা গ্রুপের যৌথ অর্থায়নে ১২ ইঞ্চি ব্যাস ও ১৬ ইঞ্চি ব্যাসের লাইনসমুহ স্থাপনসহ কমিশনিং কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করা হবে।

- গ্রাহক আঙ্গিনায় স্থাপিত সকল RMS/CMS সংশ্লিষ্ট আবিকা থেকে নিয়মিত পরিদর্শন করতঃ মেইন্টেনেন্সের প্রয়োজনীয়তা থাকলে সে অনুযায়ী পরামর্শ প্রদান / ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সরকারী নিষেধাজ্ঞার কারণে সিএনজি স্টেশনে নতুন গ্যাস সংযোগ বন্ধ থাকায় লোড বৃদ্ধি কার্যক্রম আপাতত স্থগিত রাখা হয়েছে।

- পরিকল্পিত শিল্প অঞ্চল (ইকোনোমিক জোন/বিসিক/বেজা) ব্যতীত অন্য কোনো স্থানে বিক্ষিপ্তভাবে নতুন কোনো শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হবে না।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৭.৫.২০২৪

(প্রকৌ. মুহাম্মদ রেজাউল করিম)
মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)
ও
আহবায়ক, "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" পরিবীক্ষণ
ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি

বিতরণঃ

১. উপ-মহাব্যবস্থাপক (আরডিডি হবিগঞ্জ/মৌলভীবাজার), জেজিটিডিএসএল, শাহজীবাজার।
২. সকল আবিকা প্রধান (বিপণন ডিভিশন-দক্ষিণএর আওতাভুক্ত), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ ।

অনুলিপিঃ

১. উপ-ব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক. জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
২. মহাব্যবস্থাপক (পরিকল্পনা/উত্তর/কন্সট্রাকশন/রাজস্ব), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
৩. অফিস কপি।